স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা

Local Adaptation Plan of Action

পদ্মপুকুর ইউনিয়ন

শ্যামনগর উপজেলা, সাতক্ষীরা

প্রণয়ন কাল: এপ্রিল-মে ২০২১

কারিগরি সহায়তায়

CENTER FOR PEOPLE & ENVIRON

প্রণয়নে:

জলবায়ু পরিষদ, শ্যামনগর

গ্রামীণ জীবনযাত্রার স্থায়িত্বশীল উন্নয়নের জন্য প্রচারাভিযান - সিএসআরএল

স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা

Local Adaptation Plan of Action

পদ্মপুকুর ইউনিয়ন

শ্যামনগর উপজেলা, সাতক্ষীরা

কর্মপরিকল্পনা প্রণয়ন : **মুহম্মদ আবদুর রহমান**
স্থানীয় তথ্য সংগ্রাহক : **সুপর্ণা কর্মকার, শ্যামনগর**

সার্বিক তত্বাবধানে : **শোয়েব চৌধুরী, পিযুষ বাউলিয়া পিন্টু**
কর্মসূচি পরিকল্পনা : **প্রদীপ কুমার রায়**
সার্বিক সহযোগিতা : **আশেক ই এলাহী**

প্রণয়নকাল : **এপ্রিল-মে ২০২১**

কৃতজ্ঞতা প্রকাশ

স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনাটি প্রণয়ণের জন্য পদ্মপুকুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ এবং ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডের যারা তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা প্রদান করেছেন, তাদের প্রতি জলবায়ু পরিষদ ও গ্রামীণ জীবনযাত্রার স্থায়িত্বশীল উন্নয়নের জন্য প্রচারাভিযান - সিএসআরএল আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছে। স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনাটি ব্রিটিশ কাউন্সিল / প্রকাশ এর 'জলবায়ু অর্থায়ন' প্রকল্পের অধীনে প্রণীত করা হয়েছে।

সূচী

বিষয়বস্তু **পৃষ্ঠা**

১। ভূমিকা

স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা (লোকাল অ্যাডটেশন প্লান অব অ্যাকশন - লাপা) স্থানীয় জনগণ ও স্থানীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত অভিযোজন পরিকল্পনা যা জলবায়ু পরিবর্তন মোকাবেলায় দুর্যোগকে প্রাধান্য দিয়ে বাস্তবায়িত হয়। স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা (লাপা) প্রণয়ণ পদ্ধতি জাতীয় অভিযোজন পরিকল্পনা কর্মসূচী (নাপা) প্রণয়ণের তুলনায় ভিন্ন, কারণ এতে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠিকে প্রাধান্য দিয়ে তাদের মতামতের ভিত্তিতে এটি তৈরী করা হয়। দুর্যোগপ্রবণ স্থানীয় জনগোষ্ঠীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা প্রণীত ও পরিচালিত হয়। স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা (লাপা) উর্ধ্ব থেকে নিম্নমূখী (টপ ডাউন) পরিকল্পনার বিকেন্দ্রিকরণ নীতি, যা জলবায়ু পরিবর্তনজনিত দুর্যোগপ্রবণ স্থানীয় জনগণের (শ্রেণী/গোষ্ঠীর) বহু পক্ষের সক্রিয় অংশগ্রহণ, স্থানীয় দুর্যোগ ঝুঁকি এবং ঝুঁকির নিরীক্ষে অভিযোজন কর্মসূচিকে গুরুত্ব প্রদান, স্থানীয় জনগোষ্ঠীর মালিকানা, অর্থনৈতিক প্রবাহের বিকেন্দ্রিকরণ ও তার প্রয়োগ, স্বল্প ঝুঁকি -অধিক অভিযোজন, স্থানীয় পর্যায়ের উন্নয়ন এবং সার্বিক পরিকল্পনা ও বাস্তবায়নে অভিযোজন কর্মসূচিকে অর্ন্তভুক্ত করে। বিকেন্দ্রিকরণ প্রক্রিয়ার মাধ্যমে স্থানীয় পর্যায়ে জলবায়ু অভিযোজন কর্মপরিকল্পনায় (লাপা) প্রণয়ন করে জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকিরোধী উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, দুর্যোগপ্রবণ জনগোষ্ঠীর দ্বারা অভিযোজন ও প্রশমন পর্যবেক্ষণ; অভিযোজিত কৃষি, পানি ও বনজসম্পদ ব্যবস্থাপনার সেবাসমূহ নির্ধারণে খাতভিত্তিক সার্বজনীন প্রক্রিয়া উপস্থাপন, অভিযোজিত কৃষিব্যবস্থা প্রবর্তন ও সঠিক সময়ে সঠিক পরিকল্পনা গ্রহণ এবং আর্থিক বন্টন নিশ্চিতকরণ, জলবায়ু পরিবর্তনজনিত সম্পদের ক্ষয়ক্ষতি রোধে পরিকল্পনা প্রণয়ন, স্বল্প কার্বন নিঃসরণকারি জীবিকা সমুহের বহুমূখীকরণ এবং বেসরকারী খাতে পরিবেশবান্ধব উন্নয়ন ও কর্মসংসংস্থানে বিনিয়োগ এবং সফল উদ্ভাবনী অভিযোজন কৌশল বাস্তবায়নে আর্থিক যোগান প্রক্রিয়া গড়ে তোলার কার্যক্ষমতা বৃদ্ধি করা হয়।

২। স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা (লাপা) প্রণয়নের যৌক্তিকতা

বাংলাদেশ জলবায়ু অভিযোজন খাতে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে, যার ফলে দেশের সামগ্রিক জলবায়ু সুরক্ষা পরিস্থিতির উন্নতি হয়েছে। তবে জলবায়ু পরিবর্তনজনিত হটস্পট যেমন, ঘূর্ণিঝড় প্রবণ অঞ্চল, লবণাক্ত প্রবণ অঞ্চল, বন্যাঝুঁকি প্রবণ অঞ্চল, খরা ঝুঁকি প্রবণ অঞ্চল প্রভৃতি এর সাথে সঙ্গতি রেখে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ ও পরামর্শক্রমে জলবায়ু অভিযোজন পরিকল্পনা প্রণয়ন করা হয়নি; যার কারণ প্রতি বছর জলবায়ু পরিবর্তনের অভিঘাতের কারণে স্থান বিশেষ মারাত্নকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। পাশাপাশি স্থানীয় জনগোষ্ঠীর ঝুঁকি ও চাহিদাকে মাথায় রেখে এ পর্যন্ত তেমন কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি, যার ফলস্বরূপ দরিদ্র, ও ক্ষতিগ্রস্থ মানুষের সুরক্ষা নিশ্চিত হয়নি; ক্রমবর্ধমান হুমকির মুখোমুখি হচ্ছে প্রান্তিক পর্যায়ের স্থানীয় জনগোষ্ঠী, বিশেষত নারী ও শিশু। জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি থেকে সুরক্ষায় জাতীয় অভিযোজন নীতি ও কৌশল প্রণয়নে ও বাস্তবায়নে, প্রকল্প গ্রহণ, নকশা প্রণয়ন ও সম্পাদনে স্থানীয় জনগোষ্ঠীর চাহিদা ও মতামত বিবেচনা করা উচিত।

৩। স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা (লাপা) প্রণয়ন পদ্ধতি

জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি এবং সামাজিক দুর্যোগের বহুমাত্রিকতা গভীরভাবে বোঝার পাশাপাশি স্থানীয় অভিযোজন পরিকল্পনার জন্য যথাযথ কৌশলের সম্প্রসারণের লক্ষ্যে তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণের একটি অংশগ্রহণমূলক এবং বহুমাত্রিক পদ্ধতির মাধ্যমে স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা (লাপা) প্রণীত হয়। স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা প্রণয়নে চিহ্নিত এলাকায় জলবায়ু পরিবর্তনের সময়ক্রমিক বিশ্লেষণ, জলবায়ুজনিত দুর্যোগের ধারাবাহিকতা, জলবায়ু ঝুঁকিতে থাকা ব্যক্তি, পরিবার এবং জনগোষ্ঠীর সামাজিক ও প্রাকৃতিক সম্পদ বিশ্লেষণ এবং এর উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব বোঝার জন্য ঝুঁকিপূর্ণ স্থানীয় জনগোষ্ঠীর তথ্যসংগ্রহ এবং চাহিদা বোঝার ত্রিমূখী প্রক্রিয়া অবলম্বন করা হয়। স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা প্রনয়নে স্থানীয় জনগোষ্ঠীর ক্ষতির মাত্রা এবং সক্ষমতা নির্ধারণ প্রক্রিয়া (সিভিসিএ) প্রক্রিয়া এবং সংশ্লিষ্ট এলাকার প্রাকৃতিক ও সামাজিক সম্পদ বিশ্লেষণ অন্যতম একটি গুরুত্বপূর্ণ প্রক্রিয়া।

৩.১ সিভিসিএ প্রক্রিয়া

স্থানীয় পর্যায়ে জলবায়ু ঝুঁকি সম্পর্কে জানা এবং জলবায়ু ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর জলবায়ু পরিবর্তনের ঝুঁকির সাথে সাড়াদানের দক্ষতা (ব্যক্তি, পরিবার ও জনগোষ্ঠী) নিরূপণের এবং তা বিশ্লেষণ প্রক্রিয়াই হলো সিভিসিএ প্রক্রিয়া। স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা (লাপা) প্রণয়নে সিভিসিএ অন্যতম একটি পদ্ধতি যা মাঠ পর্যায়ে স্থানীয় জনগোষ্ঠীর জলবায়ু ঝুঁকি ও জলবায়ু ঝুঁকিতে সাড়াদানের দক্ষতা নিরূপণে পরিচালিত করা হয়। সিভিসিএ পরিচালনায় দুর্যোগ মানচিত্র, সম্পদ মানচিত্র, দুর্যোগের মৌসুম পঞ্জি, দুর্যোগের ঐতিহাসিক ক্রমপঞ্জি, জলবায়ু দুর্যোগজনিত ক্ষতির ম্যাট্রিক্স প্রণয়ন ও বিশ্লেষণ স্থানীয় পর্যায়ে করা হয়। সিভিসিএ'র সামগ্রিক কাঠামো নীচে দেয়া হলো:

সিভিসিএ পদ্ধতি অবলম্বন করে স্থানীয় পর্যায়ের তথ্য সংগ্রহ, অভীষ্ট জনগোষ্ঠীর সাথে দলভিত্তিক আলোচনা এবং স্থানীয় সরকার ও বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের সাক্ষাতকার গ্রহণ প্রক্রিয়া গ্রহণ করা হয়। তবে কর্মপরিকল্পনাটি প্রণয়নকালে কোভিড-১৯ মহামারী প্রতিরোধে লকডাউন পরিস্থিতি বিরাজ করায় সরাসরি মাঠ পর্যায়ে আলোচনা ও সাক্ষাতকার গ্রহণ সীমিত ও বিকল্প পদ্ধতি গ্রহণ করা হয়েছিল। এক্ষেত্রে মোবাইল প্রযুক্তি ব্যবহার করে প্রতিটি ওয়ার্ডে বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ ও প্রকৃত তথ্যপ্রদানে সক্ষম নারী ও পুরুষের সাথে আলোচনা করার মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়। প্রতিটি ওয়ার্ডে একই তথ্য ১০ ব্যক্তির নিকট থেকে সংগ্রহ করে তা স্থানীয় সরকার প্রতিনিধি ও স্থানীয় পর্যায়ের সরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দের সাথে আলোচনা করে তথ্যেও যথার্থতা বিশ্লেষণ করে একটি উপাত্ত নির্ভর ও স্থানীয় জলবায়ু অভিযোজন কর্মপরিকল্পনা তৈরি করা হয়।

সম্পদ ও ঝুঁকির মানচিত্র প্রণয়নে জিআইএস ও রিমোর্ট সেন্সিং প্রক্রিয়া অবলম্বন করা হয়। স্যাটেলাইট ইমেজ ব্যবহার করে প্রথমে পুরো ইউনিয়নের বর্তমান সম্পদ মানচিত্র তৈরি করা হয়, যা পরবর্তীতে স্থানীয় তথ্য সংগ্রহকারীদের মাধ্যমে গ্রাউন্ড ট্রুথিং করে যথার্থতা নিরূপন করা হয়।

৪। এক নজরে পদ্মপুকুর ইউনিয়ন

পদ্মপুকুর ইউনিয়ন বাংলাদেশের খুলনা বিভাগের সাতক্ষীরা জেলার অর্ন্তগত শ্যামনগর উপজেলার একটি ইউনিয়ন। ভৌগোলিক অবস্থানের পদ্মপুকুর ইউনিয়ন এর দক্ষিণে রয়েছে গাবুরা ইউনিয়ন এবং উত্তরের প্রতাপনগর ইউনিয়ন, পূর্বে কয়রা ইউনিয়ন এবং পশ্চিমে আটুলিয়া ইউনিয়ন অবস্থিত। পুরো পদ্মপুকুর ইউনিয়ন জুড়ে ২ টি নদী বিধৌত যথা কপোতাক্ষ ও খোলপেটুয়া। এই ইউনিয়নের মোটা জনসংখ্যা ৩১,৫৪৩ জন এবং মোট পরিবারের সংখ্যা ৭২৮৯২ (বিবিএস, ২০১৫) (মানচিত্র ১)।

মানচিত্র ১: গবেষণা এলাকা



৫। দুর্যোগের ক্ষতিগ্রস্থতা

বাংলাদেশের অন্যতম জলবায়ু ঝুঁকিপূর্ণ জনপদের একটি শ্যামনগর উপজেলা এবং শ্যামনগর উপজেলার পদ্মপুকুর ইউনিয়নসহ সকল ইউনিয়ন জলবায়ু দুর্যোগের মারাত্বক ক্ষতির শিকার। জলবায়ু পরিবর্তনজনিত কারণে উত্তরোত্তর বৃদ্ধি পাওয়া ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, জোয়ার জনিত বন্যা, শৈত্যপ্রবাহ, তাপদাহ, জলাবদ্ধতাসহ সকল দুর্যোগের মুখোমুখি হতে হয় পদ্মপুকুর ইউনিয়নকে। তবে গবেষণায় এবং বিভিন্ন তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, এখানে ঘুর্ণিঝড়, জলোচ্ছ্বাস, জোয়ার এবং লবণাক্ততা বৃদ্ধি পাচ্ছে অত্যন্ত দ্রুততার সাথে। পূর্বে এখানে খরার প্রবণতা দেখা না গেলেও সাম্প্রতিক সময়ে খরা দেখা যাচ্ছে এবং প্রতি বছর শুষ্কমৌসুমে খরার প্রাদূর্ভাব বাড়ছে। খরার পাশাপাশি এখানে বেড়ে চলেছে শিলাবৃষ্টি, কালবৈশাখী, ভারী বৃষ্টিপাত, তাপদাহ, শৈত্যপ্রবাহ, যদিও এই দুর্যোগগুলো তুলনামূলক ধীর গতিতে বাড়ছে জানা যায়। (সারণী ১)।

সারণী ১: পদ্মপুকুর ইউনিয়নে দুর্যোগ ক্ষতিগ্রস্থতা ম্যাট্রিক্স

উচ্চ	মাঝারি	নিম্ন
ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, লবণাক্ততা, জোয়ার, নদীভাঙ্গন	বন্যা, জলাবদ্ধতা	খরা , শিলাবৃষ্টি, কালবৈশাখী, ভারী বৃষ্টিপাত, তাপদাহ, শৈত্যপ্রবাহ

৫.১। পদ্মপুকুর ইউনিয়নে দুর্যোগের ক্ষতিগ্রস্থতা ম্যাট্রিক্স

গত ৩০ বছরে (১৯৯০-২০২০) পদ্মপুকুর ইউনিয়নে জলবায়ু পরিবর্তনজনিত দুর্যোগ ঝুঁকি প্রবণতা যেমন ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, লবণাক্ততা, বন্যা, জলাবদ্ধতা, শৈত্যপ্রবাহ, তাপপ্রবাহ, খরা, শিলাবৃষ্টি, বজ্রপাত, ভারী বৃষ্টিপাত, নদীর তীর ভাঙ্গন দিন দিন বাড়ছে (চিত্র ১)। গবেষণার প্রাপ্ত তথ্যে আরও দেখা যায় পদ্মপুকুর ইউনিয়নে ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, লবণাক্ততা, জোয়ারের প্রবণতা বাড়ছে অত্যন্ত দ্রুততার সাথে। এই ইউনিয়নে নদীভাঙন, বন্যা ও জলাবদ্ধতা বাড়ছে স্বাভাবিক পর্যায়ে এবং খরা, শিলাবৃষ্টি, কালবৈশাখী, ভারী বৃষ্টিপাত, তাপদাহ, শৈত্যপ্রবাহের মত জলবায়ু পরিবর্তনজনিত দুর্যোগগুলো পূর্বে এখানে দেখা না গেলেও সাম্প্রতিক সময়ে ধীরগতিতে বাড়তে শুরুকরেছে (সারণী ২) ।

সারণী ২: দুর্যোগের ক্রমবর্ধমান প্রবণতা

উচ্চ বর্ধমান প্রবণতা	মাঝারি বর্ধমান প্রবণতা	নিম্ন বর্ধমান প্রবণতা
ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, লবণাক্ততা	নদীভাঙ্গন, বন্যা, জলাবদ্ধতা	খরা , শিলাবৃষ্টি, কালবৈশাখী, ভারী বৃষ্টিপাত, তাপদাহ, শৈত্যপ্রবাহ

চিত্র ১: পদ্মপুকুর ইউনিয়নে ১৯৯১-২০২০ সালে দুর্যোগের ক্রমবর্ধমান প্রবণতা।



৫.২। দুর্যোগের মৌসুম পঞ্জি

সারা বছরই পদ্মপুকুর ইউনিয়ন কোন না কোন দুর্যোগ ঝুঁকিতে আক্রান্ত। এখানে শীতকালে লবণাক্ততার প্রভাব প্রকট আকার ধারণ করে যার প্রভাব পড়ে পানীয় জলের উপর, পাশাপাশি শীত মৌসুমে শৈত্যপ্রবাহ এবং ঘন কুয়াশা প্রকোপ বাড়ছে সময়ের সাথে পাল্লা দিয়ে। অন্যদিকে প্রতি বছর বর্ষা মৌসুমে বন্যা, জলাবদ্ধতা, নদীভাঙ্গন বৃদ্ধি পাচ্ছে। গ্রীষ্মমৌসুমে ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, লবণাক্ততা দেখা যায় প্রতি বছরই যা জনজীবনকে বিপর্যস্ত করে তুলছে (সারণী ৩) ।

সারণী ৩: পদ্মপুকুর ইউনিয়নে মৌসুমি দুর্যোগ

দুর্যোগ	ঋতু		
	শীতকাল (কার্তিক-মাঘ)	গ্রীষ্মকাল (ফাগুন-জ্যৈষ্ঠ)	বর্ষাকাল (আষাঢ়-আশ্বিন)
বন্যা			✓
জলাবদ্ধতা			✓
খরা		✓	
শিলাবৃষ্টি		✓	✓
কালবৈশাখী		✓	✓
শৈত্যপ্রবাহ	✓		
কুয়াশা	✓		
তাপদাহ		✓	
নদীভাঙ্গন			✓
কালবৈশাখী		✓	
ঘূর্ণিঝড়		✓	
লবণাক্ততা	✓	✓	✓
জলোচ্ছ্বাস	✓	✓	

৫.৩। জলবায়ু দ্বারা প্রভবিত দুর্যোগের শাখাগত প্রভাব

শ্যামনগর উপজেলাতে গত ৩০ বছরে (১৯৯১-২০২০) ঘূর্ণিঝড়, লবণাক্ততা, জলোচ্ছ্বাস, জোয়ার, শৈত্যপ্রবাহ ও কুয়াশা, খরা ও তাপ প্রবাহ, নরওয়েস্টার, তাপমাত্রা বৃদ্ধি, অনিয়মিত বৃষ্টিপাত, বন্যা এবং নদীভাঙ্গন বৃদ্ধি পাচ্ছে। ফলস্বরূপ, এই অঞ্চলে জীবিকা এবং মজুরি উপার্জনের উৎসগুলি দিন দিন সঙ্কুচিত হচ্ছে। ক্ষতিগ্রস্থতা মানকে ১-৫ হিসাবে ধরে বিভিন্ন খাতের ক্ষতিগ্রস্থতা মাত্রা নির্ধারণ করা হয় এই গবেষণায় যাতে পাওয়া যায় জলবায়ু দুর্যোগর কারণে কৃষি, প্রান্তিক মানুষের জীবিকা উপার্জন, বসতভিটায় চাষ, প্রাকৃতিক সম্পদ, গবাদিপশু ও হাঁস-মুরগি, পানি ও স্বাস্থ্য বেশ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। অন্যদিকে বন্যা, শৈত্যপ্রবাহ এবং কুয়াশা, খরা ও তাপ প্রবাহ, নরওয়েস্টার, তাপমাত্রা বৃদ্ধি, অনিয়মিত বৃষ্টিপাত, বন্যা এবং নদীভাঙনের কারণে কৃষিকাজগুলি প্রায় সীমাবদ্ধ হতে চলেছে যদিও কৃষিকাজই প্রধান জীবিকা এবং আয়ের উৎস জনগণের (চিত্র ২)। জলবায়ু দুর্যোগের কারণে এখানে পানীয় জলের সংকট সবচেয়ে বেশী যার প্রভাব পড়ছে স্বাস্থ্য ও প্রজনন স্বাস্থ্যের উপর।

চিত্র ২: পদ্মপুকুর ইউনয়নে জলবায়ু দুর্যোগের খাতভিত্তিক প্রভাব



৬। জীবিকার ক্ষয়ক্ষতি

জলবায়ু পরিবর্তন ফসলের উৎপাদন হ্রাস করতে, আবাদযোগ্য জমি নষ্ট করতে, প্রাকৃতিক মাছের মতো সাধারণ সম্পদের উৎপাদন হ্রাসে অবদান রাখছে; যা প্রান্তিক ও প্রকৃতির উপর জীবিকার জন্য নির্ভরশীল জনগোষ্ঠীর জীবিকা বিনষ্ট করছে। বেশিরভাগ ক্ষেত্রে দরিদ্ররা জনগোষ্ঠীই হল সর্বাধিক ভুক্তভোগী, বিশেষত যারা সরাসরি খাদ্য উৎপাদন প্রক্রিয়ার সাথে সরাসরি জড়িত এবং যারা খাদ্য উতপাদন ব্যাহত হলে বিকল্প উপার্জনের খাত সীমিত কিংবা নেই বললেই চলে।

লবণাক্ততার কারণে শ্যামনগর ইউনিয়নের অধিকাংশ স্থানে বর্তমানে ফসল আবাদ বন্ধ বলা যায়। কৃষিজমির দখল নিয়েছে চিংড়ি চাষ কিন্তু জোয়ার জলোচ্ছ্বাসের কারণে এখানে ফি বছর চিংড়ি চাষীরা বড় ধরণের অর্থনৈতিক ক্ষতির মুখোমুখি হচ্ছে। তাছাড়া শুষ্ক মৌসুমে তাপমাত্রার ক্রমবর্ধমান প্রবণতা মাটিতে শুষ্কতার হার বৃদ্ধি করে এবং শুষ্ক মৌসুমে ফসলে পানির সহজলভ্যতা হ্রাস করে যা গ্রীষ্ম ও শীতকালে ফসলের উতপাদনকে সীমাবদ্ধ করে। অন্যদিকে বর্ষাকালে জোয়ার, বন্যা ও জলাবদ্ধতার কারণে জমির ফসল এবং বসতবাড়ির সবজি চাষের উপর মারাত্নক প্রভাব ফেলছে এবং সময়ের সাথে সাথে কৃষি উতপাদন হ্রাস পাচ্ছে যা গাইবান্ধা পৌরসভা সংশ্লিষ্ট এলাকায় খাদ্য নিরাপত্তাহীনতার অন্যতম কারণ (চিত্র ৩)। গবেষণায় দেখা যায় শৈত্যপ্রবাহ ও কুয়াশা, খরা ও তাপ প্রবাহ, বন্যা, কালবৈশাখী ও ভারী বৃষ্টিপাতের মতো জলবায়ুজনিত দুর্যোগ কারণে দরিদ্র ও প্রান্তিক কৃষকের কৃষি উৎপাদন, বসতবাড়ির চাষ, গবাদি পশু, প্রাকৃতিক সম্পদ, দৈনন্দিন উপার্জনের উৎস পুরোপুরি বাধাগ্রস্থ হয়।
ইউনিয়নটির প্রতিটি ওয়ার্ডে জলবায়ু পরিবর্তনজনিত লবণাক্ততা, জোয়ার ও বন্যার কারণে বেশিরভাগ মানুষ তাদের কৃষিজমি এবং কৃষি উৎপাদন হারিয়েছে এমনকি এখনও হারাচ্ছে। গবেষণায় দেখা যায় বিগত ৩০ বছরে এখানকার প্রায় শতভাগ কৃষক কৃষি বিমুখ হয়েছে।

চিত্র ৩: পদ্মপুকুর ইউনিয়নে জলবায়ু দ্বারা ক্ষতিগ্রস্থ জীবীকার খাত



৬। খাদ্য সংকট সময়কাল

ইউনিয়নের অধিবাসীদের খাদ্য উৎস ব্যবস্থা বর্তমানে নেই বললেই চলে। পূর্বে কৃষি জমিতে চাষাবাদের কারণে খাদ্য উপাদানের বড় একটি অংশ নিজস্ব উৎপাদন থেকে আসলেও জলবায়ু পরিবর্তনের কারণে তা ব্যাহত হওয়ায় বর্তমানে অনেকটা বাজার নির্ভরশীল হয়ে উঠছে। বেশিরভাগ পরিবার বর্তমানে বাজারের উপর বছরের ৬-৮ মাস নির্ভরশীল এবং আগস্ট থেকে নভেম্বর পর্যন্ত পুরোপুরি বাজারের উপর নির্ভরশীল থাকতে হয়। এই সময়ের মধ্যে তাদের অধিকাংশেরই বন্যার কারণে নিজস্ব উৎপাদন ব্যবস্থার বাইরে গিয়ে আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব এবং পাশাপাশি ত্রাণের উপর নির্ভরশীল থাকতে হয় খাদ্যের জন্য। গবেষণায় দেখা যায়, জুলাই থেকে নভেম্বর মাস পর্যন্ত অনেক পরিবার খাদ্য সংকটে ভোগে। চিত্র ৪ গবেষণা এলাকায় খাদ্য সংকটকাল নির্দেশ কররে যে সময়ে অধিকাংশ মানুষ প্রাত্যহিক খাদ্য চাহিদা মেটাতে অক্ষম। লক্ষণীয় যে, বছরের সব মাসেই সমস্ত পরিবারের কিছুটা খাদ্য ঘাটতি থাকে তবে ছড়ান্ত খাদ্য সংকট আসে আগস্ট থেকে ডিসেম্বর মাসে এবং এই সময়ে তা মারাত্নক আকার ধারণ করে। গবেষণা তথ্য থেকে স্পষ্ট হয় যে অক্টোবরে খাদ্য ঘাটতি সর্বোচ্চ হয়। বর্ষাকালে বন্যা ও জলাবদ্ধতায় ফসলের ক্ষতি হওয়া, শুষ্ক মৌসুমে লবণাক্ততার কারণে চাষাবাদ করতে না পারা এবং ঘের ও প্রাকৃতিক মাছের সংকট তৈরী হওয়ায় এই সময়ে এসে সঙ্কটে রূপ নেয়।

চিত্র : খাদ্য সংকট কাল



৬.২। কৃষিজমি ও ফসল উৎপাদনে ক্ষতি

গত কয়েক বছরে লবণাক্ততা, ঘূর্ণিঝড়, জোয়ার ও জলোচ্ছ্বাসের কারণেপুরো ইউনিয়ন জুড়ে কৃষিজমি ও কৃষি উৎপাদন হ্রাস পেয়েছে। পাশাপাশি নদীভাঙনের কারণে কিছু স্থানে মানুষ ভূমি হারিয়ে জলবায়ু উদ্বাস্তুতে পরিণত হয়েছে, বাস করছে ভূমিহীন হিসেবে বেড়ীবাঁধে, রাস্তার ধারে। গত ৩০ বছরে (১৯৯১-২০২০) বিশাল পরিমাণ কৃষিজমি পরিত্যক্ত হয়েছে নদীভাঙন ও লবণাক্ততার কারণে (সারণী ৪) ।

সারণী ৪: শ্যামনগর ইউনিয়নে অবস্থান ভিত্তিক কৃষিজমি ও ফসল উৎপাদন ক্ষতি

অবস্থান	ক্ষেত্রের আয়তন	ক্ষতির কারণ
পখিমারা ও পদ্মপুকুরের মধ্যে বায়ানাকুড়া গ্রাম	৫০বিঘা	ঝড় ঢেউ এবং নদীভাঙন
গড়পদ্মপুকুর	২০০ বিঘা	নদীভাঙন
কাপালিবাড়ী ধানের আবাদ	২৪০০ বিঘা	লবনাক্ততা
মীর বাড়ির সবজি চাষ	১৫০ বিঘা	লবনাক্ততা
যাদুসাবাদ	১৮ বিঘা	লবনাক্ততা
ধনতলা	১৯০০ বিঘা	লবনাক্ততা
গড়ের উত্তর বিলের ধান	৩০০ বিঘা	নদীভাঙন

হাকিম তারাফদার বাড়ির এলাকায়	৩৫০ বিঘা	লবনাক্ততা এবং মাছের চাষ
যদুঘোষ	৩০০ বিঘা	লবনাক্ততা
লক্ষন	৬০০ বিঘা	ঘূর্ণিঝড়
হাসির বিল	৫০০ বিঘা	বন্যা
ডাক্তার আবাদ	৫০০ বিঘা	বন্যা
নকুড়ার বিল	৪০০ বিঘা	লবনাক্ততা
চব্বিশকুড়ার বিল	১০০ বিঘা	নদীভাঙন
মোল্যা বাড়ির ধান	৫০ বিঘা	নদীভাঙন
গাজীবাড়ির ধান	৫০ বিঘা	নদীভাঙন
গুচ্ছগ্রাম এর সবজী চাষ	৩০ বিঘা	নদীভাঙন
বন্যতলা ছকিন মোল্লার বাড়ি হতে গফফর পাড় এর বাড়ি পর্যন্ত	৬৫০ বিঘা	ঘূর্ণিঝড়
মৃত মতিয়ার রহমান জোয়ারদারের বাড়ি হতে মা. মকবুল সাহেবের বাড়ি পর্যন্ত	৩৮৭ বিঘা	ঘূর্ণিঝড়
দক্ষিন তফসিল হতে মোকছেদ মোল্লার বাড়ি পর্যন্ত	১২০ বিঘা	ঘূর্ণিঝড়
দক্ষিণ পখিমার বিল	১৪৮০ বিঘা	ঘূর্ণিঝড়
পাখিমারা কালীবাড়ি গফুর দোকানের বাড়ি পর্যন্ত	১০০০ বিঘা	নদীভাঙন এবং লবণাক্ত জলের অনুপ্রবেশ
আজিজ দোকানদার বাড়ি থেকে মোসলেম গাজীর বাড়ি	৮০০ বিঘা	নদীভাঙন এবং লবণাক্ত জলের অনুপ্রবেশ
ইউনিয়ন পরিষদের পেছন থেকে নজরুল গাজীর বাড়ি	২০০ বিঘা	ঘূর্ণিঝড়
খুটিকাটা পুরাতন লঞ্চঘাট সাহেব আলী চৌকিদারের বাড়ি হতে মধু পিয়নের বাড়ি	৩৫০ বিঘা	নদীভাঙন
হবি ঢালির বাড়ি থেকে চাউলখোলা	১০০ বিঘা	নদীভাঙন এবং লবণাক্ততা
খুঁটিকাটা রাঁধামৃধার বাড়ি হইতে খুঁটিকাটা বাজার পযর্ন্ত	২৯০ বিঘা	নদীভাঙন এবং লবণাক্ততা
চন্ডিপুর রফিকুলের বাড়ি থেকে দাউদ গাজীর বাড়ি	৯৫০ বিঘা	ঝড় ঢেউ এবং নদীভাঙন
চন্ডিপুর আজিজুলের বাড়ি থেকে দাউদ গাজীর বাড়ি	৫৯০ বিঘা	নদীভাঙন এবং লবণাক্ততা
চন্ডিপুর নিরঞ্জনের বাড়ি থেকে মন্তেজ গাজীর বাড়ি	৪৮০ বিঘা	লবনাক্ততা
চন্ডিপুর মোশার গাজীর বাড়ি হতে মইন মালির বাড়ি পযর্ন্ত	৫৭৫ বিঘা	লবনাক্ততা
চন্ডিপুর আমির আলীর বাড়ি থেকে জহির আলীর বাড়ি	৬৪০ বিঘা	লবনাক্ততা
চন্ডিপুর উত্তরপাড়া মফিজ মাস্টারের বাড়ি থেকে শাহজাহান মোড়লের বাড়ি	২৯৮ বিঘা	লবনাক্ততা

মধ্য বিলে কমলকাটি থেকে হাবিবুরের বাড়ী পর্যন্ত ঝাপ ভোলা ঋষির বাড়ি	১০০ বিঘা	ঝড় ঢেউ এবং নদীভাঙন
শোনা খালির বিল	৩০০০ বিঘা	লবনাক্ততা
কমলকাটি	১৫০০ বিঘা	লবনাক্ততা
ঝাঁপা ক্লোজার(খেয়াঘাট সংলগ্ন)	২৫০০ বিঘা	ঘূর্ণিঝড়
পূর্ব ঝাঁপা ক্লোজার	৭০ বিঘা	ঘূর্ণিঝড়
পূর্বপাতাখালী এরফানের বাড়ি হতে চৌদ্দরশি ব্রিজ পর্যন্ত	১২১০ বিঘা	ঘূর্ণিঝড় এবং নদীভাঙন
পাতাখালী মাদ্রাসার পাশে	২৩০ বিঘা	ঘূর্ণিঝড় এবং নদীভাঙন
হাইস্কুলের পিছন থেকে চৌদ্দ রশি ব্রীজ পর্যন্ত	১০০ বিঘা	ঘূর্ণিঝড় এবং নদীভাঙন
চন্ডিপুর	১০০ বিঘা	নদীভাঙন
শওকত শেখের বাড়ি হতে আজিজ সরদারের বাড়ি পর্যন্ত	১৮০ বিঘা	ঘূর্ণিঝড়
অমল চেয়ারম্যানের বাড়ি থেকে বাচ্চু কবিরাজের বাড়ি পর্যন্ত	১৯৭৫ বিঘা	ঘূর্ণিঝড়
বাবু সানার বাড়ি থেকে পাতাখালী হাইস্কুল ইসহাক গাজীর বাড়ি পর্যন্ত	১৯৭৫ বিঘা	ঘূর্ণিঝড়

৬.৩। শস্য পোকা, রোগ এবং প্যাথোজেন

বর্তমানে ফসলের রোগবালাই পদ্মপুকুর ইউনিয়নসহ বাংলাদেশের সাধারণ দৃশ্য। সাধারণত প্রতি বছর, ক্রমাগত বন্যার পরে কীটপতঙ্গের আক্রমণ এবং রোগবালাই বেড়ে যায় যা আমন ধানের উতপাদন হ্রাস করে এবং কখনও কখনও সম্পূর্ণ ফসল ধ্বংস করে। লবণাক্ততার কারণেও এখানে ফসলের নানাবিধ রোগের প্রাদূর্ভাব বাড়ছে গত কয়েক বছরে। গবেষণায় দেখা যায় পদ্মপুকুর ইউনিয়ণে ব্রাউন স্পট, টুংরো ভাইরাস, রিং স্পট ডিজিজ, রাইস হিস্পা রোগ বৃদ্ধি পাচ্ছে যা আমান ধানের জন্য মারাত্মক হুমকির কারণ (সারণী ৫)।

সারণী ৫: ফসলের রোগ ও কীটপতঙ্গ

রোগ / কীটপতঙ্গ / জীবাণুর নাম	ঋতু	ক্ষতিগ্রস্থ ফসলের নাম
মাজরা পোকামাকড়, বর্তমান পোকামাকড়, পদ্মা পোকা, পাতায় ঘূর্ণায়মান পোকামাকড়	চৈত্র-জৈষ্ঠ	বিনা ১৯
শিকড় ক্ষতি, শেল ক্ষতি, স্টেম ক্ষতি,	আষাঢ়-ভাদ্র	বিরি ৪০
মাজরা পোকামাকড়, বর্তমান পোকামাকড়, পদ্মপোকা, ব্রাউন কীটপতঙ্গ, ঘাসফড়িং, উদ্ভিদ পতঙ্গ,	আশ্বিন-অগ্রহায়ণ	বিরি ৫৩, ৫৪, ৫৫, ৫২, ২৮
শিকড় ক্ষতি, শেল ক্ষতি, স্টেম ক্ষতি,	অগ্রহায়ণ-ফালগুন	তরমুজ
মাজরা পোকা, বর্তমান পোকামাকড়, পদ্মপোকা, ব্রাউন কীটপতঙ্গ, ঘাসফড়িং, পাতার তৃণমূল, গান্ধী	বৈশাখ-চৈত্র	শসা, মিষ্টি, কুমড়া, আলু, শাক

৬.৪। মৎস্য সম্পদের পরিস্থিতি

নদী ও সাগর সন্নিকটে বলে এক সময়ে পদ্মপুকুর ইউনিয়নের অধিবাসীদের অন্যতম আয়ের খাত হিসেবে প্রাকৃতিক জলাশয় থেকে সংগৃহিত মাছ ছিল কিন্তু জলবায়ু পরিবর্তন জনিত দূর্যোগ, নদী খাল ভরাটসহ নানাবিধ কারণে বর্তমানের এই প্রাকৃতিক খাতের মাছের আকাল। মাছ আহরণ করে জীবীকা নির্বাহ করা জনগোষ্ঠির অধিকাংশই তাদের জীবীকা পরিবর্তন করে এখন দিনমজুর হিসেবে আবির্ভূত হয়েছে। নিম্নে সারণী ৬ নং এ পদ্মপুকুর ইউনিয়নের প্রাকৃতিক মাছের আধার এবং মাছ হ্রাস পাওয়ার হার দেয়া হলো।

সারণী ৬: পদ্মপুকুর ইউনিয়নে প্রাকৃতিক মাছের আধার ও মাছ হ্রাসের হার

প্রাকৃতিক মাছের অবস্থান	বর্তমান উতপাদন হার (বৃদ্ধি / হ্রাস)
দুনোয়ার খাল	১০০% হ্রাস পেয়েছে
লোটখালী খাল	১০০% হ্রাস পেয়েছে
গড়মারী খাল	১০০% হ্রাস পেয়েছে
হোদুবুন খাল	১০০% হ্রাস পেয়েছে
দন্ডন খাল	১০০% হ্রাস পেয়েছে
ঝিকরি খাল	১০০% হ্রাস পেয়েছে
বাইনতলার খাল	১০০% হ্রাস পেয়েছে
ঝাঁপর খাল	১০০% হ্রাস পেয়েছে
দুখুখালী খাল	১০০% হ্রাস পেয়েছে
ওরামুখ খাল	১০০% হ্রাস পেয়েছে
ধানখালী খাল	১০০% হ্রাস পেয়েছে
পদ্মপুকুর দিঘি	১০০% হ্রাস পেয়েছে
গুচ্ছগ্রাম	১০০% হ্রাস পেয়েছে
ভাঙাল খাল	১০০% হ্রাস পেয়েছে
গড়কুমারপুর খেদামারা খাল	১০০% হ্রাস পেয়েছে
দক্ষিণ পূর্ব বিলের গারকুমারপুর জলাশয়	১০০% হ্রাস পেয়েছে
দক্ষিণ পখিমারা বিল	১০০% হ্রাস পেয়েছে
বাইনতলা বিল জলাধার	১০০% হ্রাস পেয়েছে
ভুষোক খাল	১০০% হ্রাস পেয়েছে
ঝিকরি খাল	১০০% হ্রাস পেয়েছে
ঝাঁপর খাল	প্রায় বিলুপ্ত
কেনার বাড়ির খাল	প্রায় বিলুপ্ত
পাতখালী খাল	প্রায় বিলুপ্ত
লুছুখালী খাল	প্রায় বিলুপ্ত
ভাঙন খাল	প্রায় বিলুপ্ত
গাইনবাড়ী খাল	১০০% হ্রাস পেয়েছে
চন্ডিপুর শিশির খাল	১০০% হ্রাস পেয়েছে
শৈলখালী মেনতেজ গাজীর বাড়ির পিছনে খাল	১০০% হ্রাস পেয়েছে
শেখবাড়ি খাল	১০০% হ্রাস পেয়েছে

চান্ডিপুর গোলচাপা থেকে মডেল চৌমুহনী খাল	১০০% হ্রাস পেয়েছে
মডেল সাইক্লোন শেল্টার থেকে চাঁদিপুর গাজি বাড়ি জামে মসজিদ পর্যন্ত খাল	১০০% হ্রাস
চাঁদপুর জহির আলীর বাড়ি থেকে গোলচাপার গেট পর্যন্ত খাল	১০০% হ্রাস পেয়েছে
বুকসখালীর খাল	বিলুপ্ত
শাকুনখালি খাল	১০০% হ্রাস পেয়েছে
শিশির খাল	বিলুপ্ত
গোলবুনার খাল	১০০% হ্রাস পেয়েছে
সোনাখালী খাল	১০০% হ্রাস পেয়েছে
পানসিঘাটের খাল	১০০% হ্রাস পেয়েছে
উত্তর ঝপা বাসন্তী মন্দির থেকে হাই স্কুল পর্যন্ত	১০০% হ্রাস পেয়েছে
পূর্ব পাতখালীর পূর্ব ও পশ্চিম দিক	১০০% হ্রাস পেয়েছে
চিংড়খালী খাল	১০০% হ্রাস পেয়েছে
মাদ্রাসা খাল	১০০% হ্রাস পেয়েছে
ছোট পাতখালী খাল	১০০% হ্রাস পেয়েছে
বড় পাতখালী খাল	১০০% হ্রাস পেয়েছে
ধেড়ে খালি খাল	বিলুপ্ত
পাতখালী খাল	বিলুপ্ত
পশুরতোলা খাল	বিলুপ্ত

কই, শোল, শিং, মাগুর, পুটি, জেল, বোয়াল, কাপ, রুই, রূপচাঁদ, মিরগেল, বোয়াল, তোড়ামাছ, গড়াইমচ, কালবোষ, কাতলা, রূপচাঁদ, ভোলা, বাইন, মারুল্লা মাছ পুরোপুরি বিলুপ্ত হয়ে গেছে।

প্রাকৃতিক মাছ পুনরুদ্ধারে নিম্নলিখিত পদক্ষপেগুলো গ্রহণ প্রয়োজন বলে মনে করেন গবেষণায় অংশগ্রহণকারী জনগোষ্ঠী:

- পানিতে লবণাক্ততার পরিমাণ হ্রাস করা
- একটি মিষ্টি জলের জলাশয় তৈরি
- ভরাট খালগুলি পুনঃখনন করণ
- মাটির গুণমান বৃদ্ধি
- প্রবাহ নদী ক্ষয় রোধ
- টেকসই বাঁধ তৈরি
- পুরানো খাল খনন করা
- খালগুলি প্রবাহমান করা

৭। বনজসম্পদ

উপকূলীয় জনপদ হিসেবে উপকূলীয় স্রোতজ বনজসম্পদের পাশাপাশি সামাজিক বনজসম্পদের বিশাল সম্ভারের সমৃদ্ধ একটি ইউনিয়ন ছিল পদ্মপুকুর ইউনিয়ন। সুন্দরবনের বর্ধিত স্রোতজ বনজ সম্পদ ছিল এখানকার অধিবাসীদের জীবীকা ও জ্বালানীর মূল উতস কিন্তু গত ৩০ বছরে জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়, সমূদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, লবণাক্ততা, নদীভাঙন নানাবিধ কারণে এখানকার বনজসম্পদ হ্রাস পেয়েছে। পাশাপাশি অতিরিক্ত মানুষের চাহিদা পূরণ করতে চাপ বেড়েছে বনজসম্পদের উপর যার ফলশ্রুতিতে অস্বাভাবিকভাবে হ্রাস পেয়েচে পদ্মপুকুর ইউনিয়নের বনজসম্পদ। গবেষণায় দেখা যায় সবুজের দোকান হইতে গড়কুমারপুর পযর্ন্ত

কেওড়া, বাইন, গরানের ১.৫ কিঃমিঃবন ছিল যা ২০০৯ সালের ঘুর্ণিঝড়ের পর থেকে ভাঙতে ভাঙতে বিলুপ্ত হয়ে গেছে। বন্যতলা নদীর পাশে আনুমানিক ১০০ বিঘার মত বন ছিল যার ৯০ বিঘার মত বিলুপ্ত হয়ে গেছে নদী ভাঙন ও জলোচ্ছাসের কারণে। খুঁটিকাটা বাজার হতে চাউলখোলা বাজার পযর্ন্ত ২ কিলোমিটার বনের উপস্থিতি ছিল যার মাত্র ০.৪ কিলোমিটারের মত রয়েছে বর্তানে, অবশিষ্টাংশ নদীভাঙনের কারণে হারিয়ে গেছে। এছাড়াও কিছু কিছু স্থানে পূর্বে বিদ্যমান বনের পরিমাণ, বর্তমানে বনের পরিস্থিতি এবং হ্রাস কিংবা বিলুপ্তির কারণ সন্নিবেশিত হয়েছে।

সারণী: পদ্মপুকুর ইউনিয়নে বনের তুলনামূলক চিত্র

বনের অবস্থান	পূর্বে বনের পরিমাণ	বর্তমানে বনের পরিমাণ	হ্রাস/বিলুপ্তির কারণ
মৃধাবাড়ির পাড়া	০.৫ কিঃমিঃ	০	লবনাক্ততা ও নদীভাঙ্গন
পদ্মপুকুর	১.৫ কিঃমিঃ	০.৩ কিঃমিঃ	লবনাক্ততা ও নদীভাঙ্গন
মিরবাড়ি	০.৫ কিঃমিঃ	০.১ কিঃমিঃ	লবনাক্ততা
গাজীবাড়ি	০.৫ কিঃমিঃ	০	নদীভাঙ্গন
মাঝীবাড়ি	০.৫ কিঃমিঃ	০	লবনাক্ততা
গুচ্ছগ্রাম	১ কিঃমিঃ	০.১ কিঃমিঃ	লবনাক্ততা ও নদীভাঙ্গন
কেদারবাজার	১ কিঃমিঃ	০.১ কিঃমিঃ	লবনাক্ততা ও নদীভাঙ্গন
দাউদ মাওলানার বাড়ির এলাকায়	১ কিঃমিঃ	০.১ কিঃমিঃ	লবনাক্ততা
পূর্ব ঝাপা মসজিদ সংলগ্ন ক্লোজারের বন	৭ একর	০	নদী ভাঙন ও জলোচ্ছাস
দ. ঝাপা চেয়ারম্যানের বন	৫ একর	০	কর্তন
পাতাখালীর বাজার	২৫০ ফুট	০	নদী ভাঙন
মোল্লাপাড়া হতে চৌদ্রশি	১ কিঃমিঃ	০.১ কিঃমিঃ	নদী ভাঙন
নুরুর হাজীর বড়ি হতে ঝাপার মাথা পর্যন্ত	৩ কিঃমিঃ	বিলুপ্ত প্রায়	নদীভাঙন

প্রফুলের বাড়ি হতে মহাসিনের ঘের পর্যন্ত	২ কিঃমিঃ	বিলুপ্ত প্রায়	নদী ভাঙন
আজীজ গজির বড়ির নিকট	২ কি.মি	১ কি.মি	জলোচ্ছাস

৮। অবকাঠামো

জলবায়ু পরিবর্তনজনিত প্রাকৃতিক দূর্যোগের কারণে যোগাযোগ ও বন্যা নিয়ন্ত্রণ অবকাঠামো মারাত্নক হুমকির সম্মুখীন। জলবায়ু দুর্যোগের ঘনঘটা এবং বৈরী তাপমাত্রা, বৃষ্টিপাত এবং চরম আবহাওয়ার ঘটনাগুলির পরিবর্তন (ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, জলাবদ্ধতা) পরিবহন, যোগাযোগ, পানি ব্যবস্থাপনা, আবাসন, পানি সরবরাহ ব্যবস্থা ইত্যাদি অবকাঠামোকে ধ্বংস করে। তীব্র বৃষ্টি অস্থায়ী বা স্থায়ী বন্যা তৈরি এবং রাস্তা, ব্রিজ এবং কালভার্ট ধ্বংস করে এবং সৃষ্টি করে দীর্ঘস্থায়ী জলাবদ্ধতা। বন্যা কারণে বন্যা নিয়ন্ত্রণ বাঁধসহ বন্যা সুরক্ষা অবকাঠামোকে ক্ষতিগ্রস্থ করে। পদ্মপুকুরের তিনটি প্রধান অবকাঠামো যেমন বাঁধ, রাস্তা ও সেতু/কালভার্ট জলবায়ু পরিবর্তন দুর্যোগজনিত কারণে প্রতি বছর ক্ষতিগ্রস্থ হয় এবং ইউনিয়নবাসীদের বন্যা ও জলাবদ্ধতা ঝুঁকি বেড়ে যাচ্ছে।

৮.১। বাঁধ

বাঁধ পদ্মপুকুর ইউনিয়ন শুধু নয় উপকূলীয় এলাকার জলোচ্ছ্বাস, জোয়ার, বন্যা ও লবণাক্তার প্রকোপ নিরসনে অন্যতম গুরুত্বপূর্ণ উপায়। গবেষণায় দেখা যায় পদ্মপুকুর ইউনিয়নকে পরিবেষ্ঠিত রক্ষাকারী বাঁধের ভগ্ন জীর্ণশীর্ণ দশা এখানকার মানুষকে দূর্দশাগ্রস্ত করে তুলেছে। গবেষণায় দেখা যায় এখানে বাঁধ জলোচ্ছ্বাস, জোয়ার ও লবণাক্ততা থেকে মুক্তির একমাত্র উপায় হলেও গত কয়েক বছরে পুরনো বাঁধ মেরামত করা হয়নি, নতুন করে কোন বাঁধ তৈরীও করা হয়নি (সারণী ৭)।

সারণি ৭: পুরানো বাঁধ যা পুনরায় নির্মাণ করতে হবে।

অবস্থান	ভাঙা বাঁধের দৈর্ঘ্য
পদ্মপুকুর সবুজের দোকান থেকে গড়কুমারপুর বাজার	১ কিমি
বড়ভাঙ্গা হান্নান ধালির বাড়ি থেকে শুরু করে নুনু সানার বাড়ি	১ কিমি
পদ্মপুকুর ঝাপালি বাড়ি	২.৫ কিমি
ঝপা কমলকাটি	২ কিমি
চাকলা বুনোতলা	১ কিমি
কালীতলা	১ কিমি
দাউদ মোড়লের বাড়ি	০.৫ কিমি
হরিশ খালির সীমান্তে বন্যতলা কাওসার সরদারের বাড়ি	১.৫ কিমি
জালাল গাজীর বাড়ি থেকে গড় বাজার	০.৫ কিমি
খুটিকাটা বাজার থেকে হায়াত আলীর বাড়ি	০.৫ কিমি
বঙ্গবন্ধু ক্লাব থেকে চাউলখোলা পর্যন্ত	০.৫ কিমি
খুটিকাটা বাজার থেকে চাউলখোলা	২.৫ কিমি
চন্ডিপুর গাজীবাড়ী জামে মসজিদ থেকে আনিসুর রহমানের বাড়ি	১ কিমি
গোলচাপা জহির আলীর বাড়ি থেকে আজগরের বাড়ি	২ কিমি
চন্ডিপুর মডেল সাইক্লোন শেল্টার থেকে মফিজ মাস্টারের বাড়ি	৩ কিমি
আসাদুল শেখের বাড়ি হতে হায়াত আলীর বাড়ি	২ কিমি
রফিকুল গাজীর বাড়ি থেকে বঙ্গবন্ধু পাড়া	১ কিমি

কমলকাটি হাবিবুরের বাড়ি থেকে ঝপা ভোলা ঋষির বাড়ি	২.৫ কিমি
চন্ডিপুর ব্লকের মাথা হতে রেজাউল কোম্পানির গই	০.৫ কিমি
কামরুজ্জামানের ঘের থেকে মহাসিনের গাই	০.৫ কিমি
আমজাদ মোল্লার বাড়ি হতে চৌদ্দরশি ব্রিজ	০.৫ কিমি
ব্রিজের পাশে মারুফ চৌকিদারের বাড়ি থেকে মোল্লাপাড়া নুরানি মাদ্রাসা পর্যন্ত	০.৫ কিমি

অন্যদিকে দেখা গেছে, পদ্মপুকুর ইউনিয়নকে বন্যা, জলোচ্ছ্বাস ও লবণাক্ততার হাত থেকে রক্ষার জন্য বিভিন্ন স্থানে নতুন বাঁধ তৈরি করা উচিত (সারণী ৮)।

সারণী ৮: নতুন বাঁধ নির্মাণ করতে হবে

অবস্থান	বেড়িবাঁধের দৈর্ঘ্য
গড়কুমারপুর বাজার থেকে চাউলখোলা আবদা	২ কিমি
টুকু মেম্বারের বাড়ি থেকে ইউনুছ সানার বাড়ী পর্যন্ত	১ কিমি
চন্ডিপুর মডেল সাইক্লোন সেল্টার হতে মফিজ মাষ্টারের বাড়ি পযর্ন্ত	৩ কিমি
ঝাপা মাধ্যমিক বিদ্যালয়ের পাশে ঋষিদের বাড়ি হতে বাবলা সাহেবের গোই	১ কিমি
পাতাখালী বাজার থেকে চৌদ্দরশি ব্রীজ পর্যন্ত	১ কিমি
কামালকাটি বাবলা সাহেবের বাড়ি থেকে ঝাপা ঋষি বাড়ি পর্যন্ত	১ কিমি

৮.২। রাস্তা

যোগাযোগ, পরিবহন এবং বন্যা ও জলোচ্ছ্বাসের সময় নিরাপদ আশ্রয় স্থানে গমনের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ অবকাঠামো হল সড়ক। গবেষণায় দেখা যায় গবেষণা এলাকায় উলে-খযোগ্য সংখ্যক রাস্তা ধ্বংস হয়ে গেছে যা ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের সময়ে লোকজনকে নিরাপদ আশ্রয়ে গমনে বাধাগ্রস্ত করছে (সারণী ৯)।



সারণী ৯: পুরনো রাস্তা মেরামত করতে হবে।

অবস্থান	রাস্তার দৈর্ঘ্য
পদ্মপুকুর গুচ্ছগ্রাম রাসেদ সানার বাড়ি হতে নুরইসলাম শিকারীর বাড়ি	১.৫ কিঃমিঃ
পাখিমারা থেকে পদ্মপুকুর গেইট পর্যন্ত	২ কিঃমিঃ
গুচ্ছগ্রাম সরকারি প্রাঃবিদ্যাঃ হতে পদ্মপুকুর সিরাজুল ঢালীর বাড়ি পর্যন্ত	১ কিঃমি
কেদারবাজার হবিমোল্লার বাড়ি হতে গড়কুমারপুর বাজার	১ কিঃমি
হান্নান ঢালীর বাড়ি হতে ইউনুস সানার বাড়ি পর্যন্ত	১ কিঃমি
পদ্মপুকুর ইউনিয়ন পরিষদের ঢালায়ের মাথা হতে রাশেদ গাজীর বাড়ি পর্যন্ত	১ কিঃমি
জালাল মাঝির বাড়ি হইতে গুচ্ছগ্রাম স্কুল পযর্ন্ত	০.৭৫ কিঃমিঃ
শামসুর গাজীর বাড়ি থেকে খালেক সরদারের বাড়ি	৫ কিঃমিঃ
দাউদ ঢালীর বাড়ি হতে বাবু মাঝীর বাড়ি	৬ কিঃমিঃ
আমজাত চেয়ারম্যানের বাড়ি হতে গফুর দোকানদারের বাড়ি	৩ কিঃমিঃ
গড় বাজার হতে কাপালি পাড়া	৫ কিঃমিঃ
গড় বাজার হতে গুচ্ছগ্রাম	৮ কিঃমিঃ
কালি তলা থেকে চাউলখোলা	৭ কিঃমিঃ
ঢালী বাড়ি থেকে ইউনিয়ন পরিষদ	৩ কিঃমিঃ
বন্যতলা ছলেমান মোল্লার বাড়ি হতে গফ্ফর গাজীর বাড়ি পর্যন্ত	১ কিঃমিঃ
হাকিম গাজীর বাড়ি হইতে রুহাল বিল রুহুল বারীর বাড়ি পর্যন্ত	০.৫ কিঃমিঃ
কালি বাড়ি সাকাম সরদারের বাড়ি হতে মোকছেদ মোল্লার বাড়ি পর্যন্ত	০.৫ কি.মি.
গড়কুমারপুর বাজার হতে দিগলার আইট বাজার পর্যন্ত	৪ কি.মি.
উত্তরপাড়া আশরাফ ঢালীর বাড়ি হতে বি.কে. মাধ্যমিক বিদ্যালয় পযর্ন্ত	১.৫ কিঃমিঃ
খুঁটিকাটা বাজার হতে চৌমুহনী মডেল পযর্ন্ত	১.৫ কিঃমিঃ
হয়তালির বাড়ি হতে ৪৫ নং সরকারি প্রাথমিক বিদ্যাঃ পযর্ন্ত	১ কিঃমিঃ
হবিঢালীর বাড়ি হতে উত্তরপাড়া ইউনুচ সানার বাড়ি পযর্ন্ত	১.৫ কিঃমিঃ
নদীর ধারে সিকান্দারের বাড়ি হতে পিয়ন মধুর বাড়ি পযর্ন্ত	১.৫ কিঃমিঃ
আজিজুর মেম্বরের বাড়ি হতে বাইনতলা শেখ বাড়ি পযর্ন্ত	৩ কিঃমিঃ
আনসার ঢালীর বাড়ি হতে খুঁটিকাটা মডেল পযর্ন্ত	৪ কিঃমিঃ
টুকু মেম্বরের বাড়ি হতে ইউনুচ সানার বাড়ি পযর্ন্ত	১ কিঃমিঃ
আলামিনের বাড়ি হতে চাউলখোলা জেলে পাড়া পযর্ন্ত	২ কিঃমিঃ
চন্ডিপুর মিজানুর ঢালীর বাড়ি হতে জালাল গাজীর বাড়ি পযর্ন্ত	২ কিঃমিঃ
চন্ডিপুর হয়াত আলীর বাড়ি হতে আসাদুলের বাড়ি পযর্ন্ত	২ কিঃমিঃ
চন্ডিপুর রাফিকুল গাজীর বাড়ি হতে বঙ্গবন্ধু পাড়া পযর্ন্ত	২ কিঃমিঃ
চন্ডিপুর জেহের আলীর বাড়ি হতে আজগারের বাড়ি পযর্ন্ত	২ কিঃমিঃ
চরচন্ডিপুর আয়ুব সানার বাড়ি হতে হক মোল্যার বাড়ি পযর্ন্ত	২ কিঃমিঃ
চন্ডিপুর মিজানুর ঢালীর বাড়ি হতে জালাল গাজীর বাড়ি পযর্ন্ত	২ কিঃমিঃ
চন্ডিপুর হয়াত আলীর বাড়ি হতে আসাদুলের বাড়ি পযর্ন্ত	২ কিঃমিঃ
চন্ডিপুর রাফিকুল গাজীর বাড়ি হতে বঙ্গবন্ধু পাড়া পযর্ন্ত	২ কিঃমিঃ
চন্ডিপুর জেহের আলীর বাড়ি হতে আজগারের বাড়ি পযর্ন্ত	২ কিঃমিঃ
চরচন্ডিপুর আয়ুব সানার বাড়ি হতে হক মোল্যার বাড়ি পযর্ন্ত	২ কিঃমিঃ
দ. ঝাপা খেয়াঘাট হতে পূর্ব ঝাপা মসজিদ পর্যন্ত	২ কিঃমিঃ
দ. ঝাপা দূর্গা মন্দির ৫৮ নং স. প্রা. বিদ্যালয় পযর্ন্ত	০.৫ কিঃমিঃ
পাতাখালী বাজার হতে মুকুল সরদার এর পর্যন্ত	২ কিঃমিঃ
কামরুজ্জাম্মানের এর ঘের হতে মহসিনের ঘের পযর্ন্ত	০.৫ কিঃমিঃ
দক্ষিণ পাড়া জফর স্যার এর বাড়ি হতে বক্কার এর বাড়ি পযর্ন্ত	১ কিঃমি
চন্ডিপুর শামসুর তরফদারের বাড়ি হতে আমির আলীর বাড়ি পযর্ন্ত	০.৫কিঃমি
মোল্লা পাড়া জামে মসজিদ হতে চৌদ্দরশি ইদ্রিস এর বাড়ি পযর্ন্ত	১ কিঃমি
গোলাচাপার ওয়াবদা হইতে আবুল গাজীর বাড়ি সংলগ্ন ঝাপা হাসপাতাল পর্যন্ত	১২ কিঃমিঃ
নুরুল হাজীর বাড়ি হতে গোলাচাপা পর্যন্ত	৩ কিঃমিঃ
বড় পাতাখালী হতে শেখ পাড়া পর্যন্ত	৩ কিঃমিঃ
মফিউদ্দিনের বাড়ি হতে ফজর স্যারের বাড়ি পর্যন্ত	২ কিঃমিঃ

আমির আলীর বাড়ি হইতে চৌরাস্তা হয়ে গণি মাস্টারের বাড়ি পর্যন্ত	২.৫ কিঃমিঃ
বিজয় বিশ্বাসের বাড়ি হইতে ঝাপা পাতাখালী চৌরাস্তা পর্যন্ত	২.৫ কিঃমিঃ
আমির আলীর বাড়ির চৌরাস্তা হতে দাউদ মহাম্মদ আলীর বাড়ি পর্যন্ত	১ কিঃমিঃ

ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের সময়ে নিরাপদ আশ্রয়স্থলের প্রবেশাধিকার নিশ্চিত করার মাধ্যমে এবং জীবন ও জীবনযাত্রার ক্ষয়ক্ষতি কমাতে পদ্মপুকুর ইউনিয়নে নতুন রাস্তাও নির্মাণ করা প্রয়োজন (সারণী ১০)।

সারণী ১০: নতুন রাস্ত নির্মাণ করতে হবে

অবস্থান	রাস্তার দৈর্ঘ্য
পদ্মপুকুর সিরাজুল ঢালীর বাড়ি হইতে বাসার মাঝির বাড়ি পযর্ন্ত (বিগত ২০০৯ সালের আইলার পর থেকে এখানে আর কোন কাজ হয়নি। এই স্থানে রাস্তা এখন নাই বললেই চলে)	.০৫কিঃমি
পদ্মপুকুর ইউনিয়ন পরিষদের কাস্টিং হেড থেকে কেদার বাজার গুছগ্রাম সরকারি। প্রাথমিক বিদ্যালয়	১ কিঃমিঃ
পদ্মপুকুর সিরাজুল ঢালীর বাড়ি হইতে ছালাম ঢালীর বাড়ি পযর্ন্ত	.০৫কিঃমি
কেদারবাজার মকবুল মাস্টারের বাড়ি হইতে গড়কুমারপুর বাজার	১.৫ কিঃমিঃ
খুঁটিকাটা বাজার হতে চৌমুহনী মডেল পযর্ন্ত	৩ কিঃমিঃ
খুঁটিকাটা ইসমাইল ইসলামের বাড়ি হইতে ঝাপার খালের ধারে মোহাম্মদ খাঁর বাড়ি পযর্ন্ত	১.৫ কিঃমিঃ
চাঁদচন্ডিপুর মোড়ল বাড়ি জামে মসজিদ হতে বঙ্গবন্ধু পাড়া পযর্ন্ত	০.৫ কিমি
সোনাখালী শওকত গাজীর বাড়ি হতে আনছারের বাড়ি পর্যন্ত	০.৫ কিমি
উত্তরপাড়ার মধ্যে হাসিনার বাড়ি হইতে পাতাখালী প্রাথমিক বিদ্যালয় পযর্ন্ত	১ কিঃমিঃ
পাতাখালী নুরালীর বাড়ি হইতে মাসুমের বাড়ি পযর্ন্ত	০.৫ কিঃমি
পাতাখালী গফুরের বাড়ি হইতে মাকসুদুলের বাড়ি পর্যন্ত	০.৫ কিঃমি
পশ্চিমপাতাখালী আবুল গাজীর বাড়ি হইতে মাদ্রাসার পাশ দিয়ে শেখপাড়া গোপাল গাজীর বাড়ি পর্যন্ত	১.৫ কিঃমিঃ

৮.৩। ব্রিজ এবং কালভার্ট

প্রাকৃতিক দুর্যোগের সময়ে যোগাযোগ, পরিবহন এবং নিরাপদ আশ্রয় পাওয়ার জন্য ব্রিজ এবং কালভার্টগুলি অন্যতম গুরুত্বপূর্ণ। পর্যাপ্ত ও সহজে প্রবেশযোগ্য সেতু এবং কালভার্টের অভাবে বন্যার প্রভাবে লোকসান ও ক্ষয়ক্ষতি বৃদ্ধি পায় যা বিগত সময়ের ঘূর্ণিঝড়গুলোর সময়ে যায়। নীচের সারণি ১১ হতে দেখা যায় গবেষণা এলাকায় পদ্মপুকুর ইউনিয়নের বিভিন্ন স্থানে সেতু এবং কালভার্টগুলি ভেঙে গেছে যা অগ্রাধিকার ভিত্তিতে পুনর্গঠন করা উচিত।

সারণী ১১: পুরাতন সেতু এবং কালভার্ট যা পুনর্গঠন করা উচিত।

অবস্থান	বর্তমান পরিস্থিতি
গড়কুমারপুর দক্ষিণ মাদ্রাসার সামনে	চলাচলে ঝুঁকিপূর্ণ
পদ্মপুকুর জালাল মাঝির বাড়ির সামনে	চলাচলে ঝুঁকিপূর্ণ
মোড়ল বাড়ীর ব্রিজ	চলাচলে ঝুঁকিপূর্ণ
শামসুর গাজীর স্লইচ গেইট	চলাচলে ঝুঁকিপূর্ণ
পদ্মপুকুর কালর্ভাট	চলাচলে ঝুঁকিপূর্ণ
আনারুলের গেইট	খুবই নাজুক
আমজাত চেয়ারম্যানের গেইট	খুবই নাজুক
গড় কুমারপুর হাকিম গাজীর বাড়ি উত্তর দিকের পাশের কালভার্ট	চলাচলে অনুপযোগী

গড়কুমারপুর দাখিল মাদ্রাসা সংলগ্ন কালভার্ট	চলাচলে ঝুঁকিপূর্ণ
শহিদ গাজীর বাড়ির পাশের ব্রিজ	চলাচলে ঝুঁকিপূর্ণ
বাইনতলা আইয়ুব সরদার বাড়ির পাশে	খুবই নাজুক
চন্ডিপুর নীলমণির কালভার্ট	খুবই নাজুক
সোনাখালী ব্রিজ কালভার্ট	খুবই নাজুক
কমলকাটি সুইচ গেট	খুবই নাজুক
চৌদ্দরশি আজিজ মোল্লার ঘেরের পাশে কালভার্ট	খুবই নাজুক
চৌদ্দরশি ব্রীজ	খুবই নাজুক
ছোট পাতাখালী কালভার্ট	খুবই নাজুক
বড় পাতাখালী কালভার্ট	খুবই নাজুক
আজীজ গাজির বাড়ির নিকট	খুবই নাজুক

কেবল পুরানো সেতু এবং কালভার্টগুলির পুনর্গঠনই নয়, মানুষকে উদ্ধার করতে এবং নিরাপদ আশ্রয়কেন্দ্রের প্রবেশাধিকারের জন্য বিভিন্ন জায়গায় কালভার্ট তৈরি করা উচিত যা নিম্নলিখিত সারণিতে ১২ তে দেখানো হয়েছে।

সারণী ১২: নতুন ব্রিজ এবং কালভার্ট নির্মাণ করা উচিত।

অবস্থান	দৈর্ঘ্য
দুনের খাল এর উপর মুনসুর ঢালীর বাড়ীর সামনে দিয়ে মমিন সরদারের বাড়ির পাশে (কেদার বাজার ও পদ্মপুকুরের মানুষ এই ব্রিজের উপর দিয়ে চলাচল করতে পারবে)	৬০ ফুট
গড়কুমারপুর দক্ষিন মাদ্রাসার সম্মুখে	২০ ফুট
দ.ঝাঁপা খেয়াঘাট সংলগ্ন মৃত অধর বাড়িতে যাতায়াতের জন্য কালভার্ট প্রয়োজন	২০ ফুট
শহিদ গাজীর বাড়ির পূর্ব পাশে	২০ ফুট
ঢালিবাড়ি মসজিদের কাছে বাইনতলা আজিজুল সদস্যের বাড়ির সামনে	৬০ ফুট
বাইনতলা গ্রামের মাথায় ইসরাফিলের দোকানের পাশে	৪৫ ফুট
চন্ডিপুর তপনের বাদলায় কালভার্ট	৪৫ ফুট
চন্ডিপুর কালিতলা স্কুল এর পাশে নূরমোহাম্মদ এর বাড়ির সামনের খালের উপরে	৩০ ফুট
চন্ডিপুর ইয়াছিন মোড়লের বাড়ির সামনে কালভার্ট নির্মান	৩৫ ফুট
ছোটচন্ডিপুর জেহেরআলীর বাড়ির রাস্তার পাশের খালের উপর	২৫ ফুট
চরচন্ডিপুর আয়ুব সানার বাড়ির পাশের খালের উপর	৪৫ ফুট
হয়াতআলীর বাড়ির রাস্তার পাশের খালে কালভার্ট নির্মান	৪০ ফুট
কামালকাটি শওকাত গাজীর বাড়ির সামনে জায়রের বদলায়	৪০ ফুট
সোনাখালী হাফেজ মেম্বরের বাড়ির সামনের খালের উপর	৪০ ফুট
ঝাপা চৌরাস্তা মোড়ে (এটি ৭ নং ওয়ার্ডের মধ্যে পড়ে কিন্তু ৬ নং ওয়ার্ডের সাথে সংযুক্ত স্থল বিধায় অত্র ওয়ার্ডের জন্যও এখানে একটি কালভার্ট প্রয়োজন	১০ ফুট
পূর্ব পাতাখালী আইয়ুব মাষ্টারের বাড়ির পিছনে একটি কালভার্ট প্রয়োজন	১৫ ফুট
পূর্ব পাতাখালী মাদ্রাসার সামনে চনিাডপুরে যাওয়ার পথে	২০ ফুট
চিংড়াখালী রাসস্তার মাঝখানে	২৪ ফুট
পুলিন মাস্টারের বাড়ির নিকটে	২৪ ফুট
আজীজ গাজির বাড়ির নিকট	২৬ ফুট

৯। নিরাপদ আশ্রয়স্থল

বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস যেহেতু পদ্মপুকুর ইউনিয়নের একটি স্বাভাবিক চিত্র তাই সাধারণত মানুষের ঘরবাড়ি পানিতে তলিয়ে যায়। সেক্ষেত্রে উঁচু স্থানে নিরাপদ আশ্রয় কেন্দ্র খুবই জরুরী যেখানে নারী, শিশু, বয়োবৃদ্ধ মানুষসহ সর্বোপরি সকল মানুষ এসকল দুর্যোগের সময়ে নিরাপদে আশ্রয় গ্রহণ করতে পারে। উপকূলীয় ও দুর্যোগ প্রবণ এলাকা হলেও পদ্মপুকুর ইউনিয়নে সরকারী ও বেসরকারী তত্ত্বাবধানে বেশ কিছু ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র তৈরী হলেও তা একদিকে যেমন সংস্কারের অভাবে বর্তমানে ব্যবহার অনুপযোগী হয়ে উঠছে, তেমনি পরিকল্পনাহীন ভাবে গড়ে তোলায় রয়েছে নানাবিধ সমস্যা তৈরি হচ্ছে। তদুপরি আশ্রয়কেন্দ্রগুলি পর্যাপ্ত মানুষে নিরাপদ আশ্রয়ের সংকুলান করতে পারছেনা। তাই একদিকে যেমন পুরনো আশ্রয়কেন্দ্রগুলো সংস্কার জরুরি অন্যদিকে নতুন আশ্রয়কেন্দ্র তৈরীও গুরুত্বপূর্ণ। নিম্নের সারণী ১৩ তে পুরনো আশ্রয়কেন্দ্রের তালিকা প্রদত্ত হলো।

সারণী ১৩: বিদ্যমান বন্যার আশ্রয়কেন্দ্রের সমস্যা

আশ্রয়কেন্দ্রেরনাম	অবস্থান	সমস্যা
পূর্ব সরকার প্রাথমিক বিদ্যালয়	পদ্মপুকুর	রাস্তা খারাপ
গড়পদ্মপুকুর দাখিল মাদ্রাসা	কেদার বাজার	রাস্তা খারাপ
গারকুমারপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়	গড়কুমারপুর	আশ্রয়কেন্দ্র ভাল নয়, মান খারাপ
৪৭ নং সরকারী প্রাথমিক বিদ্যালয়	পাখিমারা	রাস্তা খারাপ
১৭৫ নং সরকারী প্রাথমিক বিদ্যালয়	পাখিমারা	আশ্রয়কেন্দ্র ভাল নয়, মান খারাপ
খুটিকাটা সরকারী প্রাথমিক বিদ্যালয়	খুটকাটা	ব্যবহার যোগ্য নয়
বি. কে. মাধ্যমিক বিদ্যালয়	খুটকাটা	ব্যবহার যোগ্য নয়
চন্ডিপুর মডেল স্কুল	চন্ডিপুর	ভঙ্গুর
চর চন্ডিপুর প্রাথমিক বিদ্যালয়	চর চন্ডিপুর	ভঙ্গুর
ঝাপা সরকার। প্রাথমিক বিদ্যালয়	ঝাপা	ভঙ্গুর

পুরাতন আশ্রয়কেন্দ্র সংস্কারের পাশাপাশি নিম্নলিখিত স্থানগুলিতে নতুন আশ্রয়কেন্দ্র তৈরীর উদ্যোগ গ্রহণ করা জরুরি।

- পূর্ব পদ্মপুকুর
- গুচ্ছগ্রাম কেদারবাজার
- গড়কুমারপুর
- মৃধাপাড়া
- বন্যতলা প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন স্থান
- পখিমার মহিলা দাখিল মাদ্রাসা সংলগ্ন স্থান
- পখিমার আবাদ পাড়া
- খুটিকাটা বাজার
- চাউলখোলা

- চৌমুহনী
- বাইনতলা
- চন্ডিপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন
- চন্ডিপুর কমিউনিটি ক্লিনিক সংলগ্ন
- সোনাখালী বাইনতলা স্কুল সংলগ্ন
- কমলকাটি প্রাথমিক বিদ্যালয়ের সংলগ্ন
- মধ্য ঝাপ
- উত্তর ঝাপ
- চৌদ্দরশি ব্রিজের পাশের পস্তাখালী
- পাতাখালী
- পূর্ব পাতখালী
- পশ্চিম পাতখালী
- মোল্যা পাড়া
- গোলাচাপা

১০। জলাশয়

পুকুর, দিঘি, খাল, নদী ইত্যাদি জলজ জীববৈচিত্র্য, পানীয়জল, গৃহস্থালীর প্রয়োজনীয় জলের সংস্থান, সেচসহ সকল ব্যবহারের জন্যে গুরুত্বপূর্ণ। অন্যদিকে খাল এবং নদী বন্যা ও জলাবদ্ধতা হ্রাস করা, শুষ্ক মৌসুমে পানীয় জলের সংস্থান করার প্রধান উপায়। পদ্মপুকুর ইউনিয়ন নদী ও খালবেষ্টিত একটি ইউনিয়ন কিন্তু এখানে সুপেয় পানির অভাব প্রকট। নদী বা সাগরের সাথে সরাসরি সংশ্লিষ্ট নয় এমন খাল, পুকুর সমূহ সংস্কার করলে লবণাক্ত সমস্যা অনেকাংশে সমাধান করা সম্ভব। সারণী ১৪ পদ্মপুকুর ইউনিয়নে নদী, খাল এবং অন্যান্য জলাশয়ের তালিকা এবং তাদের বিদ্যমান পরিস্থিতির চিত্র তুলে ধরেছে।



সারনী ১৫ঃ জল-আবহাওয়া সংকট সমাধানের জন্য খাল/নদী পুনরুদ্ধার

খাল / নিকাশী / নদীর নাম	অবস্থান	দৈর্ঘ্য
ঝিগড়ী খাল	পদ্মপুকুর মৃধাবাড়ি থেকে ঢালী বাড়ি	৫ কিঃমিঃ
দুনয়ার খাল	পদ্মপুকুর	৫ কিঃমিঃ
গারামারীর খাল	পদ্মপুকুর	৫ কিঃমিঃ
ঘুরুলখালী খাল	পদ্মপুকুর	৩ কিঃমিঃ
ঝাপার খাল	কামালকাটি, সোনাখালী	৩ কিঃমিঃ
খেদামারার খাল	গড়কুমারপুর থেকে চাউলখোলা	৪ কিঃমিঃ
দোয়ানিয়ার খাল পুণঃরায় খনন	গড় কুমারপুর	২.৫ কিমি
গড়কুমারপুর নওশের সানার বাড়ি হতে মিস্টু মেম্বর এর বাড়ি পর্যন্ত (খেদামারা খাল সংলগ্ন)	গড় কুমারপুর	২ কিমি
কাটাখাল	পাখিমারা	২ কিমি
পাকিমারা রহিম সরদারের বাড়ি থেকে ঝাপা খালের সাথে সংযুক্ত করলে	পাখিমারা	৩ কিমি
ঝাপার খাল	বানিয়াতালা	১ কিমি
শরুঝাপা	বানিয়াতালা	১ কিমি
খুঁটিকাটার খাল	খুটিকাটা	১.৫ কিমি
হুদুবুনিয়ার খাল	খুটিকাটা	১ কিমি
ভাঙ্গা খাল	চাউলখোলা	১ কিমি
কেনার বাড়ির খাল	খুটিকাটা	১ কিমি

মডেল সাইক্লোন সেন্টার হতে চন্ডিপুর গাজীবাড়ী জামে মসজিদ এর খাল	চন্ডিপুর	২কিমি
গোলাচাপা হতে মডেল চৌমুহনী পযর্ন্ত খাল	চন্ডিপুর	২ কিমি
জেহের আলীর বাড়ি হতে গোলাচাপার গেইট পযর্ন্ত খাল	চন্ডিপুর	২ কিমি
